বাংলাদেশের খবর

# মিছিল নিয়ে শাহবাগের পথে লাখো মানুষ

**আপডেট: ০৫ আগস্ট ২০২৪**

Source: www.bangladesherkhabor.net



**নিজস্ব প্রতিবেদক:**

সরকার পতনের এক দফা দাবিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ‘লং মার্চ টু ঢাকা’ কর্মসূচির ডাকে সাড়া দিয়ে কারফিউ ভেঙে রাজধানী ঢাকার পথে লাখো মানুষ।

সোমবার দুপুর দেড়টার পর থেকে রাজপথে এই জনশ্রুত নামে। এর আগে গতকাল ডাকা বিক্ষোভ কর্মসূচিতে দেশব্যাপী ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটে। এসব ঘটনায় শতাধিক মানুষের প্রাণহানি ঘটেছে।

এদিন সকালে যাত্রাবাড়ী, কেন্দ্রীয় শহীদ মিনার, বাড্ডা, উত্তরা মিরপুরসহ বিভিন্ন জায়গায় বিক্ষোভের খবর পাওয়া যায়। পরে বেলা দেড়টার দিক থেকে মানুষ রাস্তায় নেমে আসতে শুরু করেন। সবাই শাহবাগের দিকে যাচ্ছেন।

এয়ারপোর্ট থানা পুলিশের একজন পরিদর্শক জানান, দুপুর ১টার দিকে লাখ খানেক শিক্ষার্থী শাহবাগের দিকে রওনা হয়। তারা উত্তরার মানারাত ইউনিভার্সিটির, উত্তরা ইউনিভার্সিটির, নর্দান ইউনিভার্সিটি, উত্তরা হাইস্কুলের শিক্ষার্থীদের পাশাপাশি টঙ্গীর বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

এদিকে সোমবার (৫ আগস্ট) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) থেকে জানানো হয় বেলা ৩টায় জাতির উদ্দেশে সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানের ভাষণ দেবেন। এ পর্যন্ত সকলকে ধৈর্য ধরার অনুরোধ জানানো হয়েছে।

অপরদিকে সবাইকে শাহবাগ আসার আহ্বান জানিয়েছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আসিফ মাহমুদ। সোমবার (৫ আগস্ট) দুপুরে ২টার পর তিনি এ ঘোষণা দিয়েছেন।